INDIA NON JUDICIAL

५000रु. — Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Registrar U/S 7 (2)

District Sub-Registrar, 24-Parganas

28-3-67

## ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র

লিখিতংঃ — শ্রী প্রফুল্ল কুমার দত্ত, পিতা ঁমন্মথ দত্ত, জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী, সাকিন ৩এ, একডালিয়া রোড, থানা গড়িয়াহাট, সহর কলিকাতা -১৯।

অস্য ডিড্ অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রি শিয়ালদহ, থানা সাবেক বালিগঞ্জ, হাল গড়িয়াহাট অন্তর্গত কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন নিম্নের তফসীল বর্ণিত ও চৌহদ্দিস্থিত ৩এ, একডালিয়া রোড বর্ত্তমানে ৩এ, পি,সি, সরকার সরনী - প্রেমিসেস ভুক্ত ও থানা বহুবাজার অন্তর্গত, কলিকাতা সাব রেজিষ্ট্রী অধীন ২নং মেটকাফ্ লেন প্রেমিসেস ভুক্ত দুই কেতা সম্পত্তি আমি দলিল দাতা আমার নিষ্কণ্টক স্বত্ব দখলী সম্পত্তি হইতেছে এবং আমি তাহা ভোগে ও মাসিক ভাড়া বিলি দ্বারা ও ভাড়াটিয়ার বা -

2200 (6)
Profulle Kr Dutta
3 A Ekdalia Rd Cal 19
5000/-
24/3/84

2200 (6) Rs 5000/-
Rs 1000/-
Rs 10/-
Rs 5/-
Rs 1/-
Rs 1/-
Rs 4 0 -
Rs 6017/-

28th March 19 84

the Sadar Registration Office, Alipore, 24 Parganas by Phakir Chandra Dutta son of Late Sasadhar Dutta, 3/A- Ekdalia Road, Gariahat, Cal 19, Hindu, Landholder.

Prafulla Kr. Dutta

Registrar U/S 7 (3)
Alipore 24-Parganas
28.3.84

Phakir Chandra Dutta

Subal Kr. Dutta
Santosh Kr. Dutta
80/3 Kankulia Rd.
Ballygunge Cal 19
Hindu
Business
Prafulla Kr. Dutta
has admitted.

V.C.T.9/371

Prafulla Kr Dutta

Subal Kumar Dutta

Registrar U/S 7 (3)
Alipore. 24-Parganas
28/3/84

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES



ভাড়াটিয়াগণের নিকট হইতে ভাড়া আদায়ে অন্যের নিয়ন্ত্রণে ও বিনা স্বত্ব সংস্রবে নির্ব্যূঢ় স্বত্বে ভোগবান ও দখলিকার আছি। নিম্নের তপশীলবর্ণিত ও চৌহদ্দিস্থিত উক্ত দুই কেতা সম্পত্তি অত্র ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্রের বিষয়ীভূত সম্পত্তি হইতেছে।

আমার বয়স ৯৫ বৎসর হইল। দেহ মনে সুস্থ থাকিলেও কায়িক পরিশ্রমে অক্ষমতার কারণ আমি আমার বিষয় সম্পত্তির যথাযথ তত্ত্বাবধান করিতে পারিতেছিনা। উপরন্তু বিষয় সম্পত্তিতে নিজেকে আর জড়িয়ে রাখিতে চাহি না। তাহারও একটি ব্যবস্থা করা প্রয়োজন। আমার কোন পুত্র সন্তান নাই। আমার একটি মাত্র কন্যা - বিদ্যমান আছে। আমার কন্যার নাম শ্রীমতী করুণাময়ী দত্ত, স্বামী শ্রীকিরণ চন্দ্র দত্ত - আমার উক্ত কন্যার চারিটি পুত্র। প্রথম শ্রীরঞ্জিত কুমার দত্ত, দ্বিতীয় - শ্রী অজিত - কুমার দত্ত, তৃতীয় - শ্রী মনোজিত দত্ত ও চতুর্থ - শ্রী ইন্দ্রজিৎ দত্ত, আমার চারিটি দৌহিত্র অর্থাৎ আমার উক্ত কন্যার চারিটি পুত্রই আমার প্রিয় পাত্র। কিন্তু আমার

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

TEN RUPEES

१०रु.

10Rs



উক্ত দ্বিতীয় দৌহিত্র শ্রী অজিত কুমার দত্ত তাহার স্ত্রী ও সন্তানাদি সহ কয়েক বৎসর যাবত আমার নিকট আছে। আমার এই অতি বৃদ্ধ বয়সে সে ও তাহার স্ত্রী তাহাদের সযুক্ত সেবা যত্ন পরিচর্য্যা দ্বারা আমাকে স্বচ্ছন্দে রাখিয়াছে। তাহাদের সেবা যত্ন পরিচর্য্যা ভিন্ন আমার জীবন যাপন প্রায় অসম্ভব হইত। আমি সমস্ত বিষয় আনুপূর্বিক বিবেচনা করিয়া আমার পরম স্নেহের উক্ত দৌহিত্র শ্রীঅজিত কুমার দত্তের ভবিষ্যতের একটি বৈষয়িক ব্যবস্থা করিবার প্রয়োজন মনে করিয়া তাহার প্রতি আমার স্নেহ ভালবাসা বশতঃ স্বেচ্ছায় এই ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র সম্পাদন করিয়া স্বীকার, অঙ্গীকার প্রকাশ ও প্রচার এবং বিধান করিতেছি যে- আমি আমার উক্ত জামাতা শ্রী কবির চন্দ্রদত্ত পিতা ৺গোষ্ঠ বিহারীদত্ত জাতি হিন্দু, পেশা ব্যবসা সাং ৩বি।১এ, একডালিয়া রোড থানা গড়িয়াহাট -কে এই ডিড, অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্রের একমাত্র ট্রাস্টী নিয়োগ করিয়া নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি তাহার হস্তে অর্পন করিলাম। উক্ত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব স্বামিত্ব হক দখল অধিকার দাবী দাওয়া স্বার্থ সংস্রব প্রভৃতি ছিল ও আছে তাহা অদ্য হইতে ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে আমা হইতে চিরকালের

INDIA
पाँच रुपये
पाँच रुपये
सत्यमेव जयते
FIVE RUPEES भारत FIVE RUPEES



জন্য বৃদ্ধ ও রহিত হইয়া এই দলিলের একমাত্র ট্রাস্টী হিসাবে আমার উক্ত জামাতা শ্রী অশ্বিনী চন্দ্র দত্তকে বর্তাইল ও হস্তান্তরিত হইল। আমার উক্ত জামাতা তাহার জীবন কালভর নিয়মের তপশীল বর্ণিত সম্পত্তি এই দলিলের একমাত্র বেনিফিসিয়ারী উক্ত শ্রী অজিত কুমার দত্তের স্বার্থে ও হিতার্থে 'হোল্ড' করিবেন ও উক্ত সম্পত্তি বিষয়ক স্বত্ব দখল পরিচালনা করিবেন। তিনি উক্তসম্পত্তির যথাবিহিত দেখাশুনা তত্ত্বাবধানাদি করিবেন ও তৎস্থিত ভাড়াটিয়া বা ভাড়াটিয়াগণের নিকট হইতে মাস মাস ভাড়া আদায় করিবেন এবং উক্ত সম্পত্তি হইতে আর যাহা কিছু আয় উপস্বত্ব আছে বা হইবে তাহা তিনি এই দলিলের একমাত্র ট্রাস্টী হিসাবে আদায় উসুল করিবেন। আপোষে আদায় না হইলে তিনি আদালত সাহায্যে আদায় উসুল করিতে পারিবেন এবং প্রয়োজনে তপশীল বর্ণিত সম্পত্তিস্থিত ভাড়াটিয়াগণকে বা ভাড়াটিয়াকে আদালতের সাহায্যে উচ্ছেদ করতঃ নূতন মাসিক ভাড়াটিয়া বসাইতে পারিবেন এবং তজ্জন্য যে মামলা মোকর্দ্দমা পরিচালনা করা এবং তাহার পরিচালনা লইয়া যাহা কিছু করনীয় তাহা তিনি ট্রাস্টী হিসাবে করিবেন। উক্ত সম্পত্তি হইতে যাহা কিছু আয় উপস্বত্ব আদায় উসুল হইবে তাহা হইতে তিনি উক্ত সম্পত্তির জন্য দেয় ট্যাক্স খাজনা ও সর্ব্ব প্রকার রেট,,

চার্জ্জ প্রভৃতি আদায় দিবেন ও উক্ত সম্পত্তি মেরামতি অবস্থায় রাখিবেন ও উহার যথাযথ সংস্কার উন্নতিসাধন করিতে পারিবেন এবং প্রয়োজন বোধে সম্পূর্ন নূতন করিয়া করিতে পারিবেন, উক্ত ট্রাস্টী শ্রী ফকির চন্দ্র দত্ত কলিকাতা কর্পোরেশনে ও কালেক্টারি অফিসে আমার স্থলে উক্ত বেনিফিসিয়ারীর পক্ষে ট্রাস্ট স্বরূপে নিজ নাম ও উক্ত বেনিফিসিয়ারীর নাম পত্তন করাইয়া লইতে পারিবেন ও উক্ত সম্পত্তির - মামলা মোকর্দ্দমা পরিচালন বিষয়ক যাবতীয় খরচাদি করিতে পারিবেন, এবং আমার পরমারাধ্য স্বর্গত গুরুদেব "শ্রীমনসা চরণ ব্রহ্মচারীর আমি এতদ যেরূপ - দৈনন্দিন সেবা পূজা করিয়া আসিতেছি সেইরূপ পূজা সহ সেবা পূজা সম্পন্ন করিবার ব্যবস্থা করিবেন এবং তজ্জন্য যাহা কিছু খরচ খরচা প্রয়োজন তাহা অবশ্যই করিবেন। উপরন্তু উপযুক্ত পাত্রে বা ধর্ম সংস্থায় উক্ত টাকা হইতে দান ধ্যান করিতে পারিবেন । উক্ত সমুদায় খরচের পর যাহা কিছু অবশিষ্ট থাকিবে , তাহা ট্রাস্টী মহাশয় কোন ন্যাশনালাইজড্ ব্যাঙ্কে আমানত করিবেন ।

প্রকাশ থাকে যে তপশীল সম্পত্তি হইতে রেন্ট কনট্রোল অফিসে এবং কোন আদালতে আমার নামে যে সকল টাকা জমা আছে বা যে সকল টাকা আমার

INDIA
एक रुपया
सत्यमेव जयते
ONE RUPEE भारत ONE RUPEE
16 SEP 1993



গ্রাহ্য বলিয়া আদালত হইতে সাব্যস্ত হইয়াছে বা হইবে তাহা উপরোক্ত ট্রাস্টী তুলিয়া লইতে পারিবেন ।

আমি জীবিত থাকেন উক্ত ট্রাস্টী মহাশয় অর্থাৎ আমার জামাতা শ্রী কবির চন্দ্র দত্ত বা উক্ত বেনিফিসিয়ারী শ্রী অজিত কুমার দত্ত নিম্ন তফসীল বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ কোন রূপ দান বিক্রয় বন্ধক - বিনিময় প্রভৃতির দ্বারা কোন রূপ হস্তান্তর করিতে পারিবেনা । ট্রাস্টী - মহাশয়ের পরলোক গমনে আমার উক্ত দৌহিত্র শ্রী অজিত কুমার দত্ত এই দলিলের একমাত্র বেনিফিসিয়ারী হিসাবে নিম্নের তফসিল বর্ণিত সম্পত্তি আয় তাহার যাবতীয় স্বত্ব সত্ত্বাদি সহ সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবে এবং সে তাহা দান , বিক্রয় বন্ধক কিম্বা বিনিময় প্রভৃতির দ্বারা ওয়ারেসান ও স্থলাভিষিক্ত গণক্রমে চিরকাল যদৃচ্ছা ভোগ দখল করিতে পারিবে , তাহাতে অপর কাহারও কোন ওজর আপত্তি দাবীদাওয়া চলিবেনা, করিলেও তাহা বাতিল নামঞ্জুর ও সর্ব্ব আদালতে অগ্রাহ্য হইবে। বন্দোবস্ত কৃত সম্পত্তির

10 SEP 1993



মূল্য ১,৬৭,০০০্ এক লক্ষ সাতষট্টি হাজার টাকা হইতেছে। এই দলিল লিখিত ট্রাস্টীর পদ ও দায়িত্ব গ্রহণে আমার উক্ত জামাতা ঐ রুবির চন্দ্র দত্ত এই দলিলে নিজ নাম দস্তখত করিলেন। এই দলিলের দ্বারা আমি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গনক্রমে চিরতরে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সরল মনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় এই দলিল পাঠ করিয়া ও তাহার মর্ম সম্যক অবগত হইয়া তাহা - যথারীতি সম্পাদন করিলাম। ইতি তাংইং ১৯৮৪ সালের ২৭শে মার্চ। বাংলা ১৩৯০ সালের —— চৈত্র।

তপশীল বর্ণিত বন্দোবস্তকৃত সম্পত্তির বিবরণ ও চৌহদ্দি -

১। ৩এ, এক্‌ডালিয়া রোড হাল পি, সি, সরকার সরণী -

জেলা ২৪ পরগনা সাবরেজেস্ট্রি শিয়ালদহ থানা বালিগঞ্জ বর্তমানে গড়িয়াহাট অন্তর্গত জেলা ২৪ পরগনার কালেক্টারির ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত ৫ ডিভিসন ।কে। সাবডিভিসন ৩ নং হোলডিং ভুক্ত কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন ৩এ, নং এক্‌ডালিয়া রোড প্রেমিসেস ভুক্ত যাহা ৩এ, পি,সি, সরকার সরণী ভুক্ত রেভেনিউ ফ্রীঃ স্বত্ত্বের কমবেশ ৩ তিন কাঠা ১৩ তের ছটাক ৫ পাঁচ স্কোয়ার ফিট জমি সহ তদুপরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক ত্রিতল পাকা বাড়ী সহ সাজ সাটাদি সহ সর্ব্ব প্রকার স্বত্ব সত্ত্বাদি সহ সর্ব প্রকার ইজমেন্ট স্বত্ব সমেত ইহার চৌহদ্দিঃ -

উত্তরে - কমন প্যাসেজ।

পূর্ব - ৩এফ, একডালিয়া রোড হাল পি, সি, সরকার সরণী।

পশ্চিম - ১৬।৪, গড়িয়াহাট রোড।

।২। ২নং মেটকাফ লেন -

সহর কলিকাতা থানা বহুবাজার অন্তর্গত কলিকাতা কর্পোরেশনের প্রেমিসেসনং ২ মেটকাফ লেনস্থ রেভেনিউ ফ্রিঃ স্বত্বের ত্রিতল বাড়ী সায় খালি জমি কমবেশ ২ দুই কাঠা ৪ ছটাক ৬ স্কোয়ার ফিট জমি সাবেক হোলডিংনং ৩৪৬ এবং ৩৫৬ অন্তর্গত ব্লক ১৬ সাউথ ডিভিসন কলিকাতা। ইহার চৌহদ্দিঃ -

উত্তর - পি-৩২ মিসন রো এক্সটেনসন।

পূর্ব - মেটকাফ লেন।

দক্ষিণ - ৫২ ও ৫৩নং ওয়ার্ড অফিস ' ২৩নং প্রিন্সেপ স্ট্রীট ' কলিকাতা কর্পোরেশন।

পশ্চিম - ২১ নং প্রিন্সেপ স্ট্রীট।

Phalis Chakraborty

ইসাদি

১। করুণাময়ী দত্ত
৩বি/১এ, একডালিয়া রোড - কলিকাতা ১৯।

2। Ranjit Kumar Datta
3B/1A Ekdalia Rd, Cal-19

3: Kamala Sengupta (MBBS D.D.V
3E/1A Ekdalia Road Cal-19

Kishori mohan Chatterjee
advocate Alipur

টাইপ কারক
আলিপুর জজ কোর্ট।-

তাং ইং ১৯৮৪। মার্চ

ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র

লিখিতং — শ্রী প্রফুল্ল কুমার দত্ত —

1st Addl. Munsif Court, Alipore
33/73
Munsif
16/9/93

THE DISTRICT SUB-REGISTRAR

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
28-3-84

1·20

Book I
Volume No 121(2)
Pages 91 to 98
Being No 4380
for the Year 1984

Registrar U/S 7 (2)
30/6/86